

নষ্ট জলরেখা

আঁকাবাঁকা চলে গেছে নষ্ট জলরেখা
কচুরিপানা দাম তিরপুণ্যির ঝাঁজি
শকুনের ঠোঁট ভাসমান কুকুরের লাশ
মৃত্যুর দিন গোনে ধারা পুন্যতোয়া
বুকের উপর দিয়ে আভোর নিশুতি
সাঁইসাঁই ছুটে যায় মালবাহী ট্রাক
যাত্রী নিয়ে বাস, টেম্পো, ম্যাটাডোর
বাণিজ্যের রথচক্রে পিষ্ট মধুমতী
শ্রোতস্বী বুক বেয়ে সেই কবে থেকে
বয়ে নিয়ে গেছে শুধু সভ্যতার পাপ
শ্মশানের ছাঁই আর ভাসান-প্রতিমা
তারা সব শুনিয়েছে বিদায়ের বাঁশি
বাঁশির করুণ সুরে লীন সর্বের ক্ষেত
মধুমতী কোনওদিন আর ছোঁবে না ফসল,
নামাজের মাঠ কিংবা নিকোন উঠোন
তার বুক বাসা বাঁধে বালি রাশি রাশি
কপোতাক্ষ, ধলেশ্বরী, করতোয়া যায়
তিতাসের পথে। এই কি নিয়তি!
ভগীরথ নিয়ে এসো সব জলধারা
বাজুক কালশঙ্খ, আনো প্রলয়ের কাল
নষ্ট জলরেখা হোক সুজলা আবার
মরুধারা ফিরে পাক জীবনের মানে।